

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩৪

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرّ وَالْإِحْسَان)

পরিচ্ছেদঃ ভালো কাজে অভিমূখী হওয়া একজন ব্যক্তির জন্য জরুরী, যদিও ইতিপূর্বে তার দ্বারা এমন নিষিদ্ধ কাজ সংঘটিত হয়েছে, যা মহান আল্লাহ অপছন্দ করেন

ذِكْنُ مَا يَجِبُ عَلَى الْمَرْءِ مِنَ التَّشْمِيرِ فِي الطَّاعَاتِ وَإِنْ جَرَى قَبْلَهَا مِنْهُ مَا يَكْرَهُ اللَّهُ مِنَ الْمُحْظُورَات

আরবী

أَخْبَرَنَا سُلَيْمَانُ بْنُ الْحَسَنِ الْعَطَّارُ بِالْبَصِرَةِ حَدَّثَنَا عَبْدُ الْوَاحِدِ بْنُ غِيَاتٍ حَدَّثَنَا حَمَّادُ بْنُ حَصَيْنٍ بْنُ زَيْدٍ حَدَّثَنَا يَزِيدُ الرِّسْكُ عَنْ مُطَرِّف بْنِ عَبْدِ اللَّهِ بْنِ الشِّخِيرِ عَنْ عِمْرَانَ بْنِ حُصَيْنٍ قَالَ: وَيَلَ: يَا رَسُولَ اللَّهِ أَعُلِمَ أَهْلُ الْجَنَّةِ مِنْ أَهْلِ النَّارِ؟ قَالَ: (نَعَمْ) قِيلَ: فَمَا يَعْمَلُ قَالَ: وَيَلَ: فَمَا يَعْمَلُ الْعَامِلُونَ؟ قَالَ صَلَّى اللَّهُ عليه وسلم: (كل ميسر لما خُلِق.) الله عليه وسلم: (كل ميسر لما خُلِق.) الراوي: عِمْرَان بْن حُصَيْنٍ المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان المحدث: صحيح.

বাংলা

৩৩৪. 'ইমরান বিন হুসাইন রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, বলা হলো: হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, জাহান্নামবাসী থেকে জান্নাতবাসীদের কি আলাদা করা আছে?" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: "হ্যাঁ।" তাঁকে আবার বলা হলো: "তাহলে আমলকারীরা কিজন্য আমল করবে?" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: "প্রত্যেককের জন্যই সে কাজ সহজ করে দেওয়া হবে, যেজন্য তাকে সৃষ্টি করা হয়েছে।"[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ২৬৪৯; আবু দাউদ: ৪৭০৯; তাবারানী আল কাবীর: ১৮/২৬৭; মুসনাদ আহমাদ: ৪/৪৩১; সহীহ আল বুখারী: ৬৫৯৬।



হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ আল বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আয য'ঈফা: ৭০২৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ ইমরান ইবনু হুসায়ন (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন